

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.archaeology.gov.bd
darchaeology@yahoo.com

স্মারক: ৪৩.২৩.০০০০.১২৩.২৩.০০১.২০১৬- ২৬নভ


তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন ।

সূত্র : স.বি. মন্ত্রণালয়ের স্মারক-৪৩.০০.০০০০.১১১.২৩.১১৮.১৭-৫১৩, তারিখ ০৮ নভেম্বর ২০১৭।

মহান বিজয় দিবস ২০১৭ যথাযথ মর্যাদায় উদযাপন সংক্রান্ত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে ২৬ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নরূপ কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য অধঃস্তন দপ্তরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য যথানির্দেশ অনুরোধ করা হলো:

- ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ জাতীয় পতাকা উত্তোলন।
- ঐ দিন (১৬ ডিসেম্বর ২০১৭) অধিদপ্তরের সকল জাদুঘর ও শাখা জাদুঘর দর্শকদের জন্য উন্মুক্ত রাখা হবে। শিশু-কিশোর, শিক্ষার্থী, প্রবীণ ও প্রতিবন্ধীদের জন্য বিনা টিকিটে সকল জাদুঘর ও শাখা জাদুঘর পরিদর্শনের ব্যবস্থা রাখা হবে। এবং
- ঐ দিন লালবাগ দুর্গ জাদুঘর, ময়নামতি জাদুঘর, পাহাড়পুর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, মহাস্থান প্রত্নতাত্ত্বিক জাদুঘর, বাগেরহাট জাদুঘর ও রংপুর জাদুঘরে শিশুদের মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন।


(এ.কে.এম. সাখাওয়াত হোসেন)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন ও ফ্যাক্স : ০২ - ৯১১ ০৬ ৩২।

প্রাপক :

- ১। আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা / খুলনা বিভাগ, খুলনা / চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা / রাজশাহী বিভাগ, বগুড়া / উপ পরিচালক কাম কীপার, জাতিতাত্ত্বিক জাদুঘর, আখ্য়াবাদ, চট্টগ্রাম।